দৈনিক
ইত্তেফাক

তারিখ ১০ SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

# সরাইলে ৪৫ বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

■ সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

সরাইল উপজেলার নয়টি ইউনিয়নের ৪৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। দীর্ঘদিন ধরে এসব বিদ্যালয়ে সহকারী শিক্ষক প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে আসছেন। এতে বিদ্যালয়গুলোতে প্রশাসনিক কার্যক্রম ও পাঠদান ব্যাহত হচ্ছে। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, উপজেলায় ১২৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৪৫টিতে প্রধান শিক্ষরের পদ এক থেকে আট বছর ধরে শূন্য রয়েছে।

বিদ্যালয়গুলো হচ্ছে: দুবাজাইল, তেলিকান্দি, জয়দরকান্দি পূর্ব, জয়দরকান্দি পশ্চিম, লোপাড়া, আজবপুর, বড়বল্লা, দেওবাড়িয়া, চাকশার ধর্মতীর্থ, আঁখিতারা, চৌড়াগুদা, বিটঘর, কুছনি, বুড্ডা, ধীতপুর, শাহজাদাপুর উত্তর, মলাইশ, নিয়ামতপুর, দুবাজাইল পশ্চিম, পাকশিমুল দক্ষিণ, কালিশিমুল উত্তর, কালিশিমুল পূর্ব, ভূইশর পাথরহাটি, পরমানন্দপুর পশ্চিম, হরিপুর, তেরকান্দা লোপাড়া দক্ষিণ, নরসিংহপুর রাঙ্গুরীপাড়া, গাগড়াজুর দক্ষিণ, বড়াইল, টিঘর পূর্ব, শাখাইতি আকবরপাড়া, নাইলা, বিটঘর পূর্ব, সৈয়দটুলা পশ্চিম, জিলুকদারপাড়া, কাজীউড়া, নোয়াগাঁও মধ্যপাড়া, তিউরকোনা, কানিউচ্ছ গুচ্ছগ্রাম চরকাকুড়িয়া, চাঁনপুর নতুন ধাউরিয়া তেলিকান্দি দক্ষিণ এবং কাকুড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সৈয়দ আবুল খায়ের বলেন, ওই বিদ্যালয়গুলোতে একদিকে প্রশাসনিক কাজে সমস্যা হচ্ছে অন্যদিকে শিশু শিক্ষার্থীদের পড়াশুনা বিঘ্নিত হচ্ছে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে নিয়মিত অবহিত করা হচ্ছে।